Michigan Voting.org

কীভাবেঃ

নির্বাচনের দিনের আগে সশরীরে ভোট দেবেন

নির্বাচনের দিনের আগে সশরীরে ভোট দেওয়ার দুটি উপায় রয়েছে: আগাম ভোটকেন্দ্রে, অথবা আপনার স্থানীয় কেরানীর অফিসে।

আগাম ভোটকেন্দ্রে ভোট দিতেঃ

ধাপ ১ঃ আপনার এলাকায় কখন এবং কোথায় আগাম ভোট দেওয়ার ব্যবস্থা রয়েছে তা জানতে mi.gov/vote - এ যান অথবা আপনার স্থানীয় কেরানীর অফিসে ফোন করুন। সকল রাজ্য ও ফেডারেল নির্বাচনে নির্বাচনের দিনের আগের দ্বিতীয় শনিবার থেকে প্রতিদিন কমপক্ষে আট ঘণ্টা করে আগাম ভোট দেওয়ার ব্যবস্থা থাকতে হবে। তবে কিছু এলাকায় অন্যান্য নির্বাচনে, অথবা অতিরিক্ত দিন বা সময়ের জন্যও আগাম ভোট দেওয়ার ব্যবস্থা থাকতে পারে।

ধাপ ২ঃ আপনার এলাকার একটি আগাম ভোটকেন্দ্রে যান, এবং নির্বাচনকর্মীদের কাছে চেক ইন করুন।

ধাপ ৩ঃ আপনার ব্যালটটি পূরণ করুন, সেটি একটি গোপনীয়তা রক্ষাকারী খামের মধ্যে রাখুন, এবং ট্যাবুলেটরে প্রবেশ করান - ঠিক যেমন নির্বাচনের দিন আপনার ভোটকেন্দ্রে করেন।





আপনার স্থানীয় কেরানীর অফিসে ভোট দিতেঃ

ধাপ ১ঃ আপনার স্থানীয় ক্লার্কের অফিসে যান। mi.gov/vote - এ গিয়ে অথবা (866) OUR-VOTE নাম্বারে ফোন করে আপনার কেরানীর অফিসের ঠিকানা জানতে পারবেন।

ধাপ ২ঃ অনুপস্থিত ভোটের ব্যালটের জন্য একটি আবেদনপত্র পূরণ করুন, এবং কর্মীদের কাছে জমা দিন।

ধাপ ৩ঃ আপনার ব্যালটটি পূরণ করুন, কর্মীদের দেওয়া খামের মধ্যে সেটি রাখুন, এবং খামের বাইরের অংশে আপনার আনুষ্ঠানিক স্বাক্ষর করুন - অর্থাৎ, আপনার ড্রাইভিং লাইসেন্স বা ভোটার নিবন্ধন ফর্মে যে স্বাক্ষরটি ব্যবহার করেন সেটি করুন।

ধাপ ৪ঃ আপনার ব্যালটটি কর্মীদের কাছে জমা দিন। নির্বাচনকর্মীরা আপনার ব্যালটটি প্রক্রিয়াকরণ ও গণনা করবেন।



এই নির্দেশিকাটি ১ জুন, ২০২৬ পর্যন্ত সঠিক। সর্বশেষ তথ্যের জন্য *MichiganVoting.org* - এ যান।